দৈনিক ইত্তেফাক

তারিখ 30 SEP 1989

পৃষ্ঠা 6 কলাম 6

## প্রাইমারী স্কুলে বেতের ব্যবহার সম্পর্কে অভিযোগ

বরিশাল হইতে আমাদের প্রতিনিধি জানান, বেশ কিছু প্রাইমারী স্কুলে এখনও শিশু শিক্ষার্থীদের 'শায়েস্তা' করার জন্য বেতের ব্যবহার চালু রহিয়াছে। শিশুরা ঠিকমত পড়াশুনা না করিলে, অথবা স্কুলে দুষ্টুমি করিলে শিক্ষকেরা তাহাদের শায়েস্তা করার জন্য বেত ব্যবহার করিতেছে। অনেক শিক্ষক স্কেলও ব্যবহার করেন। এই ধরনের অত্যাচার শিশুরা সহ্য করিতে পারে না। তাহারা ক্লাসে কান্না-

(৪র্থ পৃঃ দ্রঃ)

### প্রাইমারী স্কুলে

(৩য় পৃঃ পর)

কাটি করে। শুধু প্রাইমারী স্কুলেই নয় হাইস্কুলের প্রাইমারী বিভাগেও এই একই অবস্থা চলিতেছে। শহরের একটি নামকরা হাইস্কুলের শিশু বিভাগে শিক্ষয়িত্রীরা স্কেল দ্বারা শিক্ষার্থীদের প্রহার করে। দ্বিতীয় শ্রেণীর একজন শিশু-শিক্ষার্থী জানায়, 'আপারা আমাদের মাথায় স্কেলদ্বারা আঘাত করে। আবার অনেক সময় হাতের তালুতে ৩-৫ ঘা বসাইয়া দেয়।' অপর একটি শিশু জানায়, ব্যথায় কাতর হইয়া তাহারা ছটফট করে তবুও পিতা মাতার নিকট বলিতে সাহস পায় না।

শিক্ষা মন্ত্রণালয় বহুপূর্বে স্কুলে বেতদ্বারা শিক্ষার্থী শায়েস্তা নিষিদ্ধ ঘোষণা করিয়াছেন। মাঝে ঐ নিয়ম বলবৎ থাকিলেও এখন আর কার্যকরী হইতেছে না।